প্রথম আলো

তারিখ ... 06 MAY 2015 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৩ ...

# মাদ্রাসার জন্য পৃথক অধিদপ্তর চূড়ান্ত ডিজি নিয়োগ

নিজস্ব প্রতিবেদক ●

ঘোষণা দেওয়ার প্রায় পাঁচ বছর পর মাদ্রাসা শিক্ষার জন্য আলাদা অধিদপ্তর চূড়ান্ত হলো। গতকাল মঙ্গলবার জনপ্রশাসন মন্ত্রণালয়ের যুগ্ম সচিব মো. বিল্লাল হোসেনকে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের প্রথম মহাপরিচালক (ডিজি) নিয়োগ দেওয়ার মাধ্যমে এটি চূড়ান্ত হলো।

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক নিয়োগের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় গতকাল আদেশ জারি করেছে।

গত বছরের জুলাই মাসে এই অধিদপ্তরের জন্য মহাপরিচালকসহ ৫০টি পদের অনুমোদন দেয় শিক্ষা মন্ত্রণালয়। বর্তমানে মাদ্রাসা শিক্ষার কার্যক্রম পরিচালিত হয় মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের (মাউশি) অধীনে। ইবতেদায়ি থেকে কামিল পর্যন্ত শিক্ষার জন্য মাদ্রাসার সংখ্যা ১৭ হাজার ৯০৭টি। এগুলোতে শিক্ষার্থীর সংখ্যা প্রায় ৬৫ লাখ। মাদ্রাসাগুলোর মধ্যে বেতন-ভাতা বাবদ সরকার থেকে অনুদান (এমপিওভুক্ত) পায় ৬ হাজার ৫৯৮টি। মাউশির পক্ষে বিদ্যালয় ও কলেজগুলোর পাশাপাশি এসব মাদ্রাসা শিক্ষাপ্রতিষ্ঠানকে যথাযথভাবে দেখভাল করা সম্ভব হয় না বলে অভিযোগ করে মাদ্রাসার শিক্ষকেরা দীর্ঘদিন ধরে আলাদা অধিদপ্তর করার দাবি জানিয়ে আসছিলেন।